

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ নামায

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহল্লা বা গ্রাম এর মসজিদ ছেড়ে অন্য মহল্লা বা গ্রাম এর মসজিদে জুমআহ বা তারাবীহ ইত্যাদি নামায পড়তে যাওয়া বৈধ কি? তাতে উদ্দেশ্য থাকে ভাল খতীবের ভাল বক্তব্য শোনা এবং সুমধুর কণ্ঠবিশিষ্ট কারি ইমামের কুরআন শুনে উপকৃত হওয়া। সাইকেল বা গাড়িযোগে গেলে কি তা হাদিসে বর্ণিত নিষেধের আওতায় পড়ে, যাতে বলা হয়েছে, "তিন মসজিদ ছাড়া অন্য কোথাও সফর করা যাবে না; মদিনা শরীফের মসজিদে নববী, মাসজিদুল হারাম (কা'বা শরীফ) ও মসজিদে আকসা (প্যালেষ্টাইনের জেরুজালেমের মসজিদ)।" ১৬১ (বুখারী ১৯৯৫, মুসলিম ১৩৯৭ নং)

না। উক্ত সফর নিষিদ্ধ সফরের পর্যায়ভুক্ত নয়। কারণ মসজিদের বরকতলাভের উদ্দেশ্যে সে সফর করা হয় না।বরং উক্ত সফর ইলম তলবের সফর হিসেবে পরিগণিত। আর ইলমে তলবের জন্য সফর নিষিদ্ধ নয়। সলফে সালেহীন ইলম তলবের জন্য দূর দূরান্তের পথ সফর করেছেন। আর মহানবী (সঃ) বলেছেন, "যে ব্যক্তি এমন পথ অবলম্বন করে চলে, যাতে সে ইলম (শরয়ী জ্ঞান) অম্বেষণ করে, আল্লাহ তাঁর বিনিময়ে তাঁর জন্য জানাতে যাওয়ার পথ সহজ করে দেন।" ১৬২

ফুটনোট

১৬২ (মুসলিম ২৬৯৯ নং, আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ, ইবনে হিব্বান, হাকেম।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=124

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন